স্ত্রীর মর্যাদা দিতে ৫বিঘা জমি ও বাড়ি দাবি সেনা সদস্য’র। বিচারের দাবি অসহায় পিতার

৫ বিঘা জমি ও মেহেরপুর শহরে বাড়ি করে দিতে না পারায় সেনা সদস্য’র স্ত্রীর মর্যাদা পাচ্ছেন না এমন অভিযোগে গ্রাম আদালতে বিচার চেয়ে লিখিত আবেদন করেছে ভুক্তভুগী মেয়ের বাবা মেহেরপুর সদর উপজেলার হিতিমপাড়া গ্রামের ফুলচাঁদ আলী।

গত শনিবার সেনা সদস্য মো: সোহান সাইমের বিরুদ্ধে কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কাছে লিখিত অভিযোগ করেন তিনি।

লিখিত অভিযোগে ভুক্তভুগী ঐ মেয়ের বাবা ফুলচাঁদ আলী বলেছেন, গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের গাড়াবাড়িয়া গ্রামের কামরুজ্জামানের ছেলে সেনা সদস্য মো: সোহান সাইম ও তার মেয়ে অপ্রাপ্ত বয়স হওয়ার কারনে রেজিষ্ট্রি না করে স্বাক্ষীগণের উপস্থিতিতে ৪ লাখ টাকা বাকীতে দেনমহর নির্ধারন করে ইসলামী শরিয়ত মোতাবেক গত ১২/০৪/২০১৯ ইং তারিখে বিবাহ বন্ধনে আবদ্ধ হয়। বিয়ের পর থেকে জামাতা মো: সোহান সাইম তার বাড়িতে রাত্রি যাপন সহ প্রতিনিয়ত যাতায়াত করে আসছে।

বিয়ের পর ২০২০ সালে সেনাবাহিনীর সৈনিক পদে চাকুরী পেলে মেয়ের মাধ্যমে ৫ লাখ টাকা যৌতুক দাবি করে চাপ প্রয়োগ করে। মেয়ের সুখ শান্তির কথা ভেবে দুজন স্বাক্ষীর উপস্থিতিতে ৫ লাখ টাকা প্রদান করি। জামাতা মো: সোহান সাইম ট্রেনিং শেষ করে ছুটিতে বাড়িতে আসলে মেয়েকে তার বাড়িতে নেওয়ার কথা বললে নিতে অস্বীকৃতি জানায়।

আমার মেয়ে স্ত্রীর মর্যাদা পেতে গত শুক্রবার (১১.০২.২০২২) আমার মেয়ে জামাতা সেনা সদস্য মো: সোহান সাইমের বাড়িতে গেলে জামাতা সেনা সদস্য মো: সোহান সাইম ও তার পিতা কামরুজ্জামান মারধর ও গালিগালাজ করে ৫ বিঘা জমি ও মেহেরপুর শহরে বাড়ি করে দিতে পারলে স্ত্রীর মর্যাদা দেওয়া হবে বলে জানিয়ে বাড়ি থেকে বের করে দেয়।

নিরুপায় হয়ে স্থানীয় লোকজন ও আত্নীয় স্বজনদের পরামর্শে সোহান সাইমকে বিবাদী করে কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কাছে লিখিত অভিযোগ করে বিচার চেয়েছেন তিনি।

ফুলচাঁদ আলীর মেয়ে ও সোহান সাইমের স্ত্রী বলেন, গাড়াবাড়িয়া গ্রামের কুতুবপুর স্কুল এন্ড কলেজে পড়ার সময় ২০১৮ সালে সোহান সাইম নানা ভাবে প্রেমের প্রস্তাব দেয়। এক পর্যায় দু’জনের মধ্যে প্রেমের সম্পর্ক গড়ে উঠে। প্রেমের সম্পর্কের কারনে সোহান সাইম তাকে বিয়ের প্রস্তাব দেয়। দুজনই অপ্রাপ্ত বয়স্ক হওয়ায় রেজিষ্ট্রি না করে স্বাক্ষীগণের উপস্থিতিতে ৪ লাখ টাকা বাকীতে দেনমহর নির্ধারন করে ইসলামী শরিয়ত মোতাবেক গত ১২/০৪/২০১৯ ইং তারিখে বিবাহ বন্ধনে আবদ্ধ হয়। বিয়ের পর থেকে সে তার বাবার বাড়ি গাড়াবাড়িয়াতে না নিয়ে আমার বাবার বাড়িতে থেকে পড়াশুনা করার পরামর্শ দেয়। পরে আনুষ্ঠানিক ভাবে বিয়ে তুলবে বলে প্রতিশ্রতি দিলেও এখন সে যৌতুক দাবি,মারধর ও বিয়ের বিষয়ে সব অস্বীকার করছে। তিনি আরো বলেন স্ত্রীর স্বীকৃতি পেতে তার বাবা আইনের আশ্রয় নিয়েছেন। আইনের মাধ্যমে তিনি স্ত্রীর স্বীকৃতি পেতে চাঁন।

কুমিল্লা ক্যান্টনমেন (ইউনিট ৩ বির,কোর নং বির) কর্মরত সেনা সদস্য মো: সোহান সাইম বলেন, ফুলচাঁদ আলীর মেয়ের সাথে তার বিয়ে হয়নি। তাকে তিনি চেনেন না।
স্থানীয়রা জানান, বিয়ে হলে সেনা সদস্য পদে চাকুরী হয়না। এমন নিয়ম থাকলেও বিয়ের পরেও কিভাবে চাকুরী হলো তা তদন্ত করে ব্যবস্থা নেওয়ার দাবি এলাকাবাসির।

কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো: মিজানুর রহমান রানা জানান, মেহেরপুর সদর উপজেলার হিতিমপাড়া গ্রামের ফুলচাঁদ আলী সেনা সদস্য মো: সোহান সাইমের বিরুদ্ধে বিয়ের পর যৌতুক চাওয়া তার মেয়েকে মারধর সহ বিভিন্ন কারন উল্লেক করে লিখিত অভিযোগ করেছে। লিখিত আবেদনের প্রেক্ষিতে উভয়পক্ষকে নোটিশ করে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

স্মরণকালের রেকর্ড ভাংলো কম আখ মাড়াইয়ে ॥ লোকসান হতে পারে

৭০ কোটি টাকা

দর্শনা কেরুজ চিনিকলের আখেরী হুইসেল বাজিয়ে ২০২১-২০২২ আখ মাড়াই মৌসুম শেষ করল ঐত্যিহ্যবাহী প্রতিষ্ঠান কেরুজ চিনিকল।

কেরু সুত্রে জানা যায় দিনগত রাত আড়াইটার দিকে এ ২০২১-২০২২ আখ মাড়াই মৌসুম শেষ করে। এবার স্মরণকালের রেকর্ড ভাংলো কম আখ মাড়াইয়ে। শুধু আখ মাড়াইয়ের ক্ষেত্রেই নয়, মাড়াই দিবস থেকে শুরু করে চিনি আহরণের হার ও উৎপাদন কমের ক্ষেত্রেও এবার রেকর্ড ভেঙ্গেছে।

গত মরসুমে ৭৬ কোটি টাকা লোকসান গুনলেও এবারের লোকসানের বোঝা ৭০ কোটিও পেরুতে পারে। চলতি আখ মাড়াই মরসুম আজ শেষ হচ্ছে। আখ মাড়াইয়ের ক্ষেত্রে লক্ষমাত্রা অতিক্রম করলেও চিনি আহরণের হার নিন্মমুখি হওয়ায় উৎপাদনে থাকছে বিশাল ঘাটতি।

গত বছরের ২৪ ডিসেম্বর বিকালে ৭৬ কোটি টাকা লোকসানের বোঝা মাথায় নিয়ে ২০২১-২২ আখ মাড়াই মরসুমের শুভ উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিল্পমন্ত্রী নুুরুল মজিদ মাহমুদ হুমায়ন, বানিজ্য মন্ত্রী টিপু মুন্সি, শিল্প প্রতিমন্ত্রী কামাল আহমেদ মজুমদার, চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন, চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজি আলী আজগার টগর, শিল্প সচিব জাকিয়া সুলতানা, বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশনের চেয়ারম্যান আরিফুর রহমান অপু।

কেরুজ চিনিকল কর্তৃপক্ষ থেকে পাওয়া তথ্য অনুযায়ি এ মরসুমে সর্বমোট ৪ হাজার ৬২৭ একর জমির আখ মাড়াই করা হয়। যার মধ্যে কেরুজ নিজস্ব জমির পরিমান ছিলো মাত্র ৯৮৯ একর ও কৃষকের জমিতে আখ ছিলো ৩ হাজার ৬৩৮ একর। লক্ষমাত্রা অনুযায়ি মাত্র ৪৪ দিনে ৫০ হাজার মেট্রিকটন আখ মাড়াই করে চিনি উৎপাদন নির্ধারন করা হয় সাড়ে ৩ হাজার মেট্রিকটন। চিনি আহরণের গড় হার নির্ধারণ করা ছিলো ৭ দশমিক শূন্য।

গত শনিবার পর্যন্ত ৫০ মাড়াই দিবস পর্যন্ত আখ মাড়াই করা হয়েছে ৫২ হাজার ৮৫০ মেট্রিকটন। গতকাল রবিবার সকাল পর্যন্ত মাড়াই পরিমান সর্বমোট দাড়াতে পারে ৫৪ হাজার মেট্রিকটনে। গড় মাড়াই ১ হাজার ৬৪ মেট্রিকটন। এ পর্যন্ত চিনি উৎপাদন হয়েছে ২ হাজার ৮৮৪ মেট্রিক টন।

[redacted]

[redacted]

[redacted]

[

৯৫.২৬

এইচএসসি ও সমমানের পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে।

রোববার দুপুর ১২টার দিকে রাজধানীর সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট থেকে এ ফল ঘোষণা করা হয়।

গণভবন থেকে অনলাইনে সংযুক্ত হয়ে ফলের আনুষ্ঠানিক ঘোষণা দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

সার্বিকভাবে পাশের হার ৯৫.২৬। এর মধ্যে রাজশাহী বোর্ডে পাশের হার ৯৭.২৯ শতাংশ, জিপিএ-৫ পেয়েছে ৩২ হাজার ৮০০ শিক্ষার্থী; বরিশাল বোর্ডে পাশের হার ৯৫.৭৬ শতাংশ, জিপিএ-৫ পেয়েছে ৯ হাজার ৯৭১ শিক্ষার্থী; কুমিল্লা বোর্ডে পাশের হার ৯৭.৪৯ শতাংশ, জিপিএ-৫ পেয়েছে ১৪ হাজার ১৫৩ শিক্ষার্থী; দিনাজপুর বোর্ডে পাশের হার ৯২.৪৩ শতাংশ, জিপিএ-৫ পেয়েছে ১৫ হাজার ৩৪৯ শিক্ষার্থী।

এ ছাড়া চট্টগ্রাম বোর্ডে পাশের হার ৮৯.৩৯ শতাংশ, জিপিএ-৫ পেয়েছে ১৩ হাজার ৭২০ শিক্ষার্থী; সিলেট বোর্ডে পাশের হার ৯৪.৮০ শতাংশ, জিপিএ-৫ পেয়েছে ৪ হাজার ৭৩১ শিক্ষার্থী; যশোর বোর্ডে পাশের হার ৯৮.১১ শতাংশ, জিপিএ-৫ পেয়েছে ২০ হাজার ৮৭৮ শিক্ষার্থী।

ফল প্রকাশের পর থেকে শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে (www.educationboardresults.gov.bd) এবং এসএমএসের মাধ্যমে ফল জানা যাবে। এ ছাড়া পরীক্ষা কেন্দ্র ও শিক্ষা প্রতিষ্ঠান থেকেও ফল সংগ্রহ করা যাবে।

মোবাইল ফোনে এসএমএসের মাধ্যমে ফল জানতে HSC লিখে স্পেস দিয়ে শিক্ষা বোর্ডের নামের প্রথম তিন অক্ষর লিখে স্পেস দিয়ে রোল নম্বর লিখে স্পেস দিয়ে ২০২১ লিখে ১৬২২২ নম্বরে পাঠাতে হবে। ফিরতি এসএমএসেই ফল পাওয়া যাবে।

আলিমের ফল পেতে ALIM লিখে স্পেস দিয়ে Mad লিখে স্পেস দিয়ে রোল নম্বর লিখে স্পেস দিয়ে ২০২১ লিখে ১৬২২২ নম্বরে পাঠাতে হবে।

কারিগরি বোর্ডের ক্ষেত্রে HSC লিখে স্পেস দিয়ে Tec লিখে স্পেস দিয়ে রোল নম্বর লিখে স্পেস দিয়ে ২০২১ লিখে ১৬২২২ নম্বরে পাঠালে ফিরতি এসএমএসে ফল জানানো হবে।

এ পরীক্ষায় এবার ১৪ লাখ ১৪৫ পরীক্ষার্থী অংশ নেয়। পরীক্ষা শুরু হয় ২ ডিসেম্বর। শেষ হয় ৩০ ডিসেম্বর।

এবার সব বিষয়ের পরীক্ষা হয়নি। শুধু বিভাগভিত্তিক তিনটি করে নৈর্বাচনিক বিষয়ে এ পরীক্ষা নেওয়া হয়। তবে অন্যান্য বিষয়ে এসএসসি ও জেএসসিতে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে ‘সাবজেক্ট ম্যাপিং’ করে শিক্ষার্থীদের গ্রেডিং দেওয়া হবে।

গাংনীর চিৎলাতে এক যুবকের আত্মহত্যা

গাংনী উপজেলার চিৎলা গ্রামের রাব্বী হোসেন ওরফে পিয়াস (২৬) নামের এক যুবক বিষপান করে আত্মহত্যা করেছে।

আজ রোববার (১৩ ফেব্রুয়ারী) সকাল ৭ টার দিকে নিজ ঘরে বিষপান করে আত্মহত্যা করে। পিয়াস চিৎলা গ্রামের গোলাম ফারুক বকুলের ছেলে।

স্থানীয়রা জানান, পিয়াস বেশ কিছুদিন আগে স্ট্রোক করার কারণে অসুস্থ হয়ে ছিলেন। ইদানিং সে মানসিকভাবেও ভেঙ্গে পড়েছিলো। পিয়াসের ৬ মাস বয়সী একটি সন্তান রয়েছে।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক তার আত্মহত্যার সত্যতা নিশ্চিত করেছেন।

গাংনীর চেংগাড়ার সেই কৃষকের

মৃত্যু

পারিবারিক কলহের জের ধরে গলাই রশি দেওয়া সেই আবু শামা(৫০) কে কুষ্টিয়া থেকে ঢাকায় নেওয়ার পথে মারা গেছেন।

আজ রোববার ভোররাতের দিকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল থেকে ঢাকায় নেওয়ার পথে মানিকগঞ্জের মাধ্যে মারা যান তিনি। আবু শামা গাংনী উপজেলার চেংগাড়া গ্রামের মৃতু ইসমাইল হোসেনের ছেলে।

গাংনী থানার উপপরিদর্শক (এসআই) আতিক সত্যতা নিশ্চিত করেছেন। তিনি জানান, আবু শামার মরদেহ উদ্ধার করার জন্য ঘটনাস্থলে এসেছি। গতকাল শনিবার (১২ ফেব্রুয়ারী) বেলা ১১ টার দিকে নিজ বাড়িতে গলাই দঁড়ি দেন তিনি।

আবু শামার ভাই বাবুল আক্তার জানান, কেনো সে গলাই দঁড়ি দিয়েছেন আমরা কিছুই বুঝতে পারছিনা। নিজ ঘরে আবু শামাকে ঝুলন্ত অবস্থায় দেখে বাড়ির লোকজন তাকে উদ্ধার করে প্রথমে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ও সেখান থেকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন গাংনী হাসপাতালের জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক শায়লা আক্তার।পরে সেখানেও তার অবস্থার অবনতি হলে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন চিকিৎসক।

ইটভাটায় চাঁদাবাজি, সন্ত্রাসীদের কাছে বোমা সরবরাহ করার কথা স্বীকার বোমারু জাব্বারুলের

গাংনী উপজেলার হিজলবাড়িয়া গ্রামের ১০ হাতবোমা ও গাঁজা উদ্ধারে পুলিশের দায়ের করা মামলার প্রধান আসামী জাব্বারুল ইসলামকে ২ দিনের রিমান্ডে নিয়েছে গাংনী থানা পুলিশ।

মামলার তদন্তকারী কর্মকর্তা উপপরিদর্শক (এসআই) আতিক জানান, হাতবোমা, গানপাউডার ও গাঁজা উদ্ধারের ঘটনায় পুলিশের দায়ের করা মামলায় জাব্বারুল ইসলাম ও তার ছেলে সোহেল রানাকে ৬ ফেব্রুয়ারী গ্রেফতার করা হয়। পরে ১৯০৮ সালের বিস্ফোরক দ্রব্য আইনের ৪ (খ)/৫/৬ ধারায় তাকে ৭ ফেব্রুয়ারী সোপর্দ করা হয়। ৫ দিনের রিমান্ড চেয়ে আমলী আদালতে পাঠালে গত ১০ ফেব্রুয়ারী শুনানী শেষে আমলী আদালতের বিজ্ঞ জুডিশীয়াল ম্যাজিস্ট্রেট রাকিবুল ইসলাম তাকে ১১ ও ১২ ফেব্রুয়ারী দুই দিনের রিমান্ড মঞ্জুর করেন।

রিমান্ডে এনে তাকে জিজ্ঞসাবাদ করা হলে এলাকায় ইটভাটায় চাঁদাবজী, বোমা সরবরাহ ও নাশকতাসহ এলাকায় সন্ত্রাসীমুলক কর্মকান্ডের বিভিন্ন তথ্য দিয়েছেন। তবে গোপনীয়তা রক্ষার জন্যই সেসব তথ্য প্রকাশ করা যাবেনা বলেও জানান উপপরির্দশক (এসআই) আতিক।
আজ রোববার সকালের দিকে জাব্বারুল ইসলামকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হবে।

উল্লেখ্য, গত ৫ ফেব্রুয়ারী সাহারবাটি ইউনিয়নের জাব্বারুলের বাড়িতে অভিযান চালিয়ে তার শোয়ার ঘরের মাটির হাড়ি থেকে ৫ টি, পলিথিনে মোড়ানো ২ টি ও বাজার করা ব্যাগের মধ্যে ৩ টিসহ মোট ১০ টি হাতবোমা, ৫০০ গ্রাম গান পউডার, লোহার পেরেক ও গাঁজা উদ্ধার করে গাংনী থানা পুলিশ।

এঘটনায় অভিযান চালিয়ে পরদিন ৬ ফেব্রুয়ারী জাব্বারুল ইসলাম ও তার ছেলে সোহেল রানাকে গ্রেফতার করেন।

মেহেরপুরে আরও ১৬ জন করোনা আক্রান্ত

মেহেরপুরে নতুন করে আরও ১৬ জন করোনায় আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে সদরে ১০ জন, মুজিবনগরে ১ জন এবং গাংনীতে ৫ জন।

শনিবার রাতে জেলা স্বাস্থ্য বিভাগ সূত্রে এ তথ্য জানা গেছে। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ৪৯ টি। তারমধ্যে ১৬

জন করোনা পজিটিভ।

এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ২৭৫ জন। তার মধ্যে সদরে ১৯১ জন, গাংনীতে ৮০ জন এবং মুজিবনগরে ৪৪ জন।

গাংনীতে জামায়াতের ৩০ নেতা কর্মী আটক

গোপন বৈঠক চলাকালীনন সময়ে গাংনী থানা পুলিশের অভিযানে ইউনিয়ন জামায়াতের সেক্রেটারীসহ ৩০ নেতা কর্মী আটক হয়েছে। এসময় তাদের কাছ থেকে জামায়তের দলীয় চাঁদা উত্তোলনের খাতা, লিফলেট ও জিহাদী বই উদ্ধার করা হয়েছে।

শনিবার (১২ ফেব্রুয়ারী) দিবাগত রাত ৯ টার দিকে ভাটপাড়া গ্রামের চৌধুরীপাড়া জামে মসজিদে অভিযান চালিয়ে জামায়াতের এসব নেতা কর্মীকে আটক করেন পুলিশ।

আটকরা হলেন, গাংনী উপজেলার সাহারবাটি গ্রামের আব্দুল আলীমের ছেলে ও সাহারবাটি ইউনিয়ন জামায়াতের সেক্রেটারী সেখ সাদী (৩২), ভাটপাড়া গ্রামের হবিবর রহমানের ছেলে ও ভাটপাড়া গ্রাম জামায়াতের সভাপতি রবিউল ইসলাম ওরফে রুবেল (৩০), আতিয়ার রহমানের ছেলে কামরুজ্জামান (৩০), আফিল উদ্দীনের ছেলে মোস্তাফিজুর রহমান (৪০), মৃতু ওয়াছের আলীর ছেলে কাউছার আলী (৫৬), তার ভাই ফাইজার আলী (৫৯), মজির উদ্দীনের ছেলে তৈয়ব আলী (৪০), ইমারুল ইসলামের ছেলে ইউসুব আলী (৩০), সাহাব উদ্দীনের ছেলে রিপন হোসেন (৩২), আবুল হোসেনের ছেলে মোশাররফ হোসেন (৫৬), মহির উদ্দীনের ছেলে সেলিম রেজা (২৯), হোসেন আলীর ছেলে হাফিজুর রহমান (৪৮)মকছেদ আলীর ছেলে তোহিদুল ইসলাম (৫৯), ফজল আলীর ছেলে এরশাদ আলী (৪৫), ফজলুর রহমানের ছেলে ইফরান আলী (৪২), মৃতু বছের আলীর ছেলে আব্দুস সাত্তারের (৭০), মৃতু মকছেদ আলীর ছেলে তাবারক আলী (৪৪), কাবের আলীর ছেলে মখলেছুর রহমান (৩০), আব্দুর রশিদের ছেলে শরিফুল ইসলাম (৫০), ফজর আলীর ছেলে ইদ্রিস আলী (৬০), বাবলু হোসেনের ছেলে নাসির উদ্দীন (৩৪),

রমজান আলীর ছেলে জহিরুল ইসলাম (৫০), কুলবাড়িয়া গ্রামের আব্দুল হান্নানের ছেলে সোহেল রানা (২৬), একই গ্রামের ইদ্রিস আলীর ছেলে আলহাজ হোসেন (৫০), কুলবাড়িয়া গ্রামের সাদেক আলীর ছেলে এরশাদ ওরফে লাল্টু হোসেন (৩৭), নবী বকসের ছেলে আমিরুল ইসলাম (৫৫), আব্দুল ওহাবের ছেলে তোফাজ্জেল হোসেন (৫০), গনজের আলীর ছেলে ইনারুল ইসলাম (৪০), ভাটপাড়া গ্রামের ফজলুল হকের ছেলে আকরাম হোসেন (৫০) ও তার ছেলে আরিফুল ইসলাম (৪০)।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাকের নেতৃত্বে উপপরিদর্শক (এসআই) আব্দুর রাজ্জাক, উপপরিদর্শক (এসআই) আতিকুর রহমান, এসআই মাসুদুর রহমান, এসআই পিন্টু ও সংগীয় ফোর্সসহ অভিযান চালানো হয়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক জানান, গেপান সংবাদ আসে ভাটপাড়া গ্রামের চৌধুরীপাড়া জামে মসজিদে বসে জামায়াতের একটি গ্রুপ নাশকতা করার জন্য সরকার বিরোধী বৈঠক করছেন। সংবাদের ভিত্তিতে পুলিশের একটি টীম মসজিদটিকে ঘরে ফেলে অভিযান চালিয়ে ৩০ নেতা কর্মীকে আটক করেন। এসময় তাদের কাছ থেকে তাদের দলীয় চাঁদা (ইয়ানত) উত্তোলনের খাতা, লিফলেট ও কিছু জিহাদী বই জব্দ করা হয়েছে।

এদেরমধ্যে ইউনিয়ন জামায়াতের সেক্রেটারী সেখ সাদির বিরুদ্ধে এর আগেও পুলিশের দায়ের করা নাশকতার মামলা রয়েছে। এছাড়া জামায়াতের এসব নেতা কর্মীদের বিরুদ্ধে বিভিন্ন মামলা রয়েছে।
আটকদের বিরুদ্ধে নাশকতার পরিকল্পনা করার অভিযোগে মামলা দায়েরের প্রস্তুতি চলছে।

গাংনীর তেরাইল গ্রাম থেকে এক বৃদ্ধ’র মরদেহ উদ্ধার

গাংনী উপজেলার তেরাইল গ্রামে আবুল খায়ের (৭০) নামের এক বৃদ্ধ’র ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে গাংনী থানা পুলিশ।

শনিবার বেলা ৩ টার দিকে আবুল খায়েরের নিজ ঘরের আড়া থেকে তার মরেদহ উদ্ধার করা হয়।

আবুল খয়ের তেরাইল গ্রামের বাগান পাড়া এলাকার মৃত চান মহাম্মদের ছেলে। শনিবার দুপুর ২ টার সময় নিজ ঘরের আড়ার সাথে গলাই রশি দেন।

আবুল খয়েরের পুত্রবধু ঝর্ণা খাতুন জানান, আমার শশুর ও তার স্ত্রী সাদেকা খাতুন আমাদের থেকে আলাদা থাকেন। বয়স্ক ভাতা ও লোকের অনুদানে তাদের সংসার চলতো।

সে দীর্ঘদিন যাবৎ পেটের পিড়াসহ নানা অসেুখে ভুগতেন।পেটের পিড়া সইতে না পেরে নিজ ঘরে আত্মহত্যা করেন তিনি।

আবুল খায়েরের একমাত্র ছেলে আব্দুল হামিদ তার বাবা অপমৃত্যু হয়েছে বলে গাংনী খানায় একটি আবেদন জানান।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক এ সত্যতা নিশ্চিত করে বলেছেন সন্ধ্যার দিকে আবুল খায়েরের মরদেহ উদ্ধার করে গাংনী থানায় নেওয়া হয়েছে। আগামীকাল রোববার সকালের দিকে মরদেহ মেহেরপুর জেনারেল হাসপাতাল মর্গে নেওয়া হবে।